# MARKING SCHEME
# SAMPLE QUESTION
# PAPER OF CLASS XII
# SESSION - 2017 - 2018
# SUBJECT - BENGALI
# CODE - 105

**Marking Scheme**
**Class - XII (2017 - 18)**
**Subject - Bengali**

সময় - ৩ ঘন্টা — সর্বমোট অঙ্ক - ৮৫

**Time : 3 Hrs.** — **Maximum Marks - 85**

| Q. No. | Expected Answers / Value Points | Distribution of Marks |
|---|---|---|
| | **Section - A (Reading Comprehension)** | |
| **1.** | অনুচ্ছেদটি পড়ে প্রশ্নোত্তর। চারটি প্রশ্নের উত্তর অনুচ্ছেদ পড়ে লিখতে হবে। শেষ প্রশ্নের উত্তর ব্যাকরণ ভিত্তিক।<br>• অনুচ্ছেদ অনুসরণে নিজের ভাষায় সঠিক উত্তর লিখলে, অথবা<br>• সরাসরি অনুচ্ছেদ থেকে প্রাসঙ্গিক বাক্য তুলে দিলে, অথবা<br>কেবল মাত্র সংকেত শব্দ / শব্দগুচ্ছ লিখলেও পুরো নম্বর।<br>**a)** গ্রামের হাইস্কুলে ভূগোল পড়াতেন ও কিছু সমীক্ষার কাজ চালাতেন।<br>**b)** ভিলেজ পিকচারস্, ট্রম দ্য কটেজেস ।<br>**c)** তৎকালীন বাস্তবতা।<br>**d)** কার্ল জেলেরাপের সঙ্গে।<br>**e)** পুরঃ + কার। | 5<br>(1+1+1+1+1) |
| **2.** | **1** নংপ্রশ্নের অনুরূপ<br>উত্তর সংকেত<br>**a)** সীতা উদ্ধারের জন্য।<br>**b)** সমুদ্রের জল শোষণ করবার জন্য শর গ্রহণ করেন।<br>**c)** দ্রুমকুল্য নামক স্থানে।<br>**d)** সমুদ্র বক্ষে সেতু নির্মাণ করল।<br>**e)** সমর্থ। | 5<br>(1+1+1+1+1) |
| | **Section - B (Grammar)** | |
| **3.** | ধ্বনিতত্ত্বের সূত্রগুলির মধ্যে যে কোন <u>একটির</u> দুটি উদাহরণসহ সংজ্ঞা।<br>• শুধু সংজ্ঞাটি ঠিকভাবে লিখলে **3** নম্বর ।<br>• উৎস-শব্দটিকে পাশে রেখে উদাহরণ দিলে অর্থাৎ উচ্চারণ পরিবর্তনের স্তর নির্দেশের চেষ্টা করলে প্রতিটি উদাহরণ **1** নম্বর । যেমন অভিশ্রুতি আসিয়া > আইস্যা > এসে। কিন্তু, কেবল সংশ্লিষ্ট রীতি প্রভাবিত শব্দটির উল্লেখ করলে **0.5** নম্বর। যেমন - অভিশ্রুতি ‘এসে’। | 5<br>(3+2) |

| Q. No. | Expected Answers / Value Points | Distribution of Marks |
|---|---|---|
| **4.** | অলংকারের উদাহরণসহ সংজ্ঞা। (যে কোনো <u>একটি</u> ।<br>**a)** অনুপ্রাস **b)** শ্লেষ **c)** যমক<br>• সংজ্ঞার জন্য **3** নম্বর । উদাহরণের জন্য **1.5** নম্বর এবং সংজ্ঞার সঙ্গে উদাহরণের যোগ স্থাপনের জন্য **0.5** নম্বর।<br>**অথবা**<br>সংজ্ঞা সহ অলংকার নির্ণয় । যে কোনো <u>একটি।</u><br>• মূল অলংকারের নাম করলেই **3** নম্বর।<br>• শুধু সংজ্ঞা **1.5** নম্বর এবং সংজ্ঞাকে যুক্তিযুক্ত করতে পারলে পুরো **2** নম্বর।<br>উত্তর সংকেতঃ<br>**a)** অনুপ্রাস **b)** যমক **c)** উপমা। | **5**<br>**(3+2)** |
| **5.** | বাগধারা / প্রবাদ (যে কোন চারটি)<br>• অর্থ লিখে বাক্য রচনা । প্রতিটি **2** নম্বর।<br>• অর্থ ঠিক, কিন্তু বাক্য ভুল - **1** নম্বর।<br>• অর্থ ঠিক, বাক্যও ঠিক কিন্তু স্বয়ংসম্পূর্ণ নয় (যেমন সে একজন বকধার্মিক) **(1.5)**<br>• অর্থের কোনো উল্লেখ নেই, বাক্যও স্বয়ংসম্পূর্ণ নয় - **1** নম্বর।<br>• অর্থের উল্লেখ নেই, কিন্তু, বাক্য স্বয়ংসম্পূর্ণ **1.5** নম্বর<br><u>উত্তর সংকেত ঃ</u><br>• ভূতের বেগার - পণ্ডশ্রম ।<br>• যতক্ষণ শ্বাস ততক্ষণ আশ - জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত মানুষ আশায় আশায় থাকে।<br>• যত দোষ নন্দ ঘোষ - সব দোষ একই ব্যক্তির উপর দেওয়া।<br>• হাতে কলমে - ব্যবহারিক অভিজ্ঞতা।<br>• আঠারো মাসে বছর - দীর্ঘমেয়াদী পরিকল্পনা।<br>• ঢাল নেই তলোয়ার নেই নিধিরাম সর্দার - ক্ষমতা না থাকলে কর্তৃত্ব করতে যাওয়া নির্বুদ্ধিতা।<br>• শক্তের ভক্ত নরমের যম - শক্তিমানকে ভয় পাওয়া অথচ দুর্বলের উপর অত্যাচার করা।<br>• কূপমণ্ডূক - সংকীর্ণমনা। | **8**<br>**(2×4)** |



Contd.

| Q. No. | Expected Answers / Value Points | Distribution of Marks |
|---|---|---|
| | **Section - C** | |
| | **(Composition and Writing)** | **6** **(2+2+2)** |
| **6.** | প্রতিবেদন পঠন। | |
| | • শিরোনাম - প্রতিবেদনের মূল বিষয়টি কয়েকটি শব্দের মধ্যে উল্লেখ করতে পারলেই **1** থেকে **2** নম্বর দেওয়া হবে। | |
| | • তীব্র পানীয় জল সঙ্কটে / কষ্টে চেন্নাইবাসী / চেন্নাই | |
| | • চেন্নাইয়ে চূড়ান্ত পানীয় জলের কষ্টে ভুগছে মানুষ। ১৪০ বছরে এমন খরা দেখা যায় নি। পুরসভা অবস্থা সামাল দিতে চেষ্টা করছে, তবে পরিবেশ কর্মীদের মতে জলাশয়গুলির ঠিক মত রক্ষণাবেক্ষণ হয়নি - এই বিষয়টি অতি সংক্ষেপে লিখতে পারলেই **2** নম্বর। | |
| | • সরকার জলাশয়গুলি ঠিকমত রক্ষণাবেক্ষণ করেনি। | **6** **(3+3)** |
| **7.** | পত্র রচনা ঃ | |
| | বন্ধুকে ছোট ভাই / বোন কে। | |
| | • চিঠির বিষয়বস্তুর জন্য **3** নম্বর | |
| | • অবয়ব সংস্থানে তারিখ, প্রেরকের ঠিকানা বা স্থান, সম্বোধন ও সমাপ্তি সূচক পদ থাকবে। প্রতিটির জন্য **0.5** করে মোট **2** নম্বর। | |
| | • পত্রের শেষে স্বতন্ত্রভাবে প্রাপকের ঠিকানা দিতে পারলে **1** নম্বর। | |
| | • পত্রের বিষয়বস্তুর জন্য **3** নম্বর। | |
| | • বক্তব্য ঠিক থাকলে অন্তত **2** নম্বর। | |
| | • দক্ষতা ও ব্যক্তিগত পত্রের সুরটি বজায় থাকলে পুরো **3** নম্বর দেওয়া যাবে। | |
| | **Section - D (Literature)** | |
| **8.** | গদ্য থেকে উদ্ধৃতি ভিত্তিক প্রশ্ন ''ভুরি ভোজনটা অন্যায় - উচিত নয় ভাই''। | **5** **(1+1+3)** |
| | উত্তর সংকেত ঃ | |
| | **a)** নিখিল - **1** নম্বর। | |
| | **b)** মৃত্যুঞ্জয়ের প্রতি এই উক্তি - **1** নম্বর। | |
| | **c)** আবেগ তাড়িত মৃত্যুঞ্জয় সংসারের প্রতি দায়িত্ব পালন না করে, নিজে অভুক্ত থেকে, সর্বস্ব দান করে দুর্ভিক্ষ পীড়িত মানুষদের মৃত্যুর হাত থেকে বাঁচাতে চেয়েছিল। মৃত্যুঞ্জয়ের এই ভূমিকা নিয়ে দুই বন্ধুর মধ্যে বিতর্ক হয়। তখন নিখিল এই উক্তি করে। মন্তব্যটি যথার্থ। নিজেসুস্থ না থাকলে | |

| Q. No. | Expected Answers / Value Points | Distribution of Marks |
|---|---|---|
| | সমাজসেবা করা সম্ভব নয়। অনাহারে থেকে, মানসিক ভাবে বিপর্যস্ত হয়ে পড়লে সব কাজই ব্যর্থতায় পর্যবসিত হয়। - **3** নম্বর | |
| | অথবা | |
| | ''আমি কী তা দেখতে পাচ্ছিস নে ?'' | |
| | **a)** সৈয়দ মুস্তাফা সিরাজরচিত 'ভারতবর্ষ' গল্প **(0.5+0.5) = 1** | |
| | **b)** বুড়িকে যখন প্রশ্ন করা হয়েছিল, সে হিন্দু না মুসলমান ? তখন প্রতি প্রশ্নটি করে। **(1)** | |
| | **c)** মানুষের একটিই পরিচয় সে মানুষ, হিন্দু-মুসলমান কারো পরিচয়ের মাপকাঠি হতে পারে না। সংক্ষেপে ঘটনাটি উল্লেখ করে, মূল বিষয়ে আলোকপাত করতে হবে। **3** | |
| **9.** | পাঠ্য গদ্যাংশ থেকে নির্বাচন মূলক প্রশ্ন **(MCQ) (a)** থেকে **(h)** পর্যন্ত আটটি প্রশ্নের মধ্যে যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর বেছে লিখতে হবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য **1** নম্বর | **5** **(1+1+1+1+1)** |
| | **a) ii)** দই পেতে ইসবগুল দিয়ে সরবত। | |
| | **b) iii)** চন্নুনী | |
| | **c) i)** ছাতু | |
| | **d) i)** ডাওর | |
| | **e) ii)** মুসলমান পাড়ার লোকেরা | |
| | **f) iii)** করিম ফরাজি | |
| | **g) ii)** দেওয়ালের দিকে | |
| | **h) ii)** মানি অর্ডার সহযোগে | |
| **10.** | পাঠ্য পদ্যাংশ থেকে সপ্রসঙ্গ ব্যাখ্যা। যে কোনো একটি। | |
| | মূল্যায়ন নীতি ঃ | |
| | • সূত্র ও প্রসঙ্গ উল্লেখ করলেই **(1+1) 2** নম্বর | **5** **(3+2)** |
| | • ব্যাখ্যার জন্য থাকবে **3** নম্বর, নূন্যতম **1** নম্বর এবংবিশ্লেষণ / উপস্থাপনার মান অনুযায়ী **2** থেকে পুরো **3** নম্বর। | |

| Q. No. | Expected Answers / Value Points | Distribution of Marks |
|---|---|---|
| | উত্তর সংকেত ঃ<br>""কঠিনেরে ভালোবাসিলাম ...... করে না বঞ্চনা।""<br>উৎস ঃ রবীন্দ্রনাথ ঠাকুরের 'রূপনারানের কূলে'<br>প্রসঙ্গ ঃ জীবনের প্রকৃত অর্থের উপলব্ধি। রূঢ় বাস্তবের মধ্যেই জীবনের প্রকৃত রূপ।<br>ব্যাখ্যাঃ সত্য কঠিন। সেই রূঢ় সত্যকেই ভালোবাসতে হবে। তাকেই বরণ করতে হবে সমস্ত দুঃখ যন্ত্রনার বিনিময়ে কারণ সে কখন প্রতারণা করে না।<br>অথবা<br>"আমার বিবেক, আমার বারুদ<br>বিস্ফোরণের আগে।""<br>উৎস ঃ ক্রন্দনরতা জননীর পাশে - মৃদুল দাশগুপ্ত ।<br>প্রসঙ্গ ঃ যে কোন অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ প্রয়োজন।<br>ব্যাখ্যা ঃ নিজের বিবেক বোধকে জাগ্রত করতে হবে। তবেই অন্যায়ের বিরুদ্ধে বিদ্রোহ/ বিপ্লব সম্ভব। | |
| **11.** | কবিতা থেকে পংক্তি তুলে প্রশ্ন ঃ<br>""আমি কি ----- বিচার চেয়ে?""<br>**a)** মৃদুল দাশগুপ্ত **(0.5)** 'ক্রন্দনরতা জননীর পাশে' **(0.5) = 1** ।<br>**b)** ঈশ্বর / ভগবান প্রেরিত বার্তা / নির্দেশ - **1** ।<br>**c)** মানুষের দ্বারা মানুষের প্রতি অন্যায়, অবিচার, শোষণ, অত্যাচারের প্রতিবাদ মানুকেই করতে হবে। ঈশ্বরের নির্দেশের অপেক্ষায় থাকলে চলবে না। এ মানবিকতার দায়।<br>অথবা<br>""শহরের অসুখ --------- সবুজ খায়"" -<br>**a)** শক্তি চট্টোপাধ্যায় **(0.5)** 'আমি দেখি' **(0.5)** (মূল কাব্য ঃ অঙ্গুরী তোর হিরণ্য জল)<br>**b)** সবুজের নিধন ও পরিবেশ দূষণ **-1**<br>**c)** অরণ্য ও গ্রামকে ধ্বংস করছে বর্তমান সভ্যতা নগরায়ন, শিল্পায়ন, বস্তুগত উন্নয়নের বিস্তার ঘটলেও মানুষের প্রাণের আরাম, আত্মার শান্তি, মনের আনন্দ একান্ত প্রয়োজন। | **5**<br>**(1+1+3)** |



**Contd.**

| Q. No. | Expected Answers / Value Points | Distribution of Marks |
|---|---|---|
| 12. | নাটক থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন ঃ<br>"তুমি থিয়েটারওয়ালা --------- অস্পৃশ্য ভাঁড়।"<br>**a)** রজনীকান্ত চট্টোপাধ্যায় **(1)** জীবনের নিঃসঙ্গতা ও আত্মবিশ্বাস হারিয়ে **(1)**<br>**b)** নিঃসঙ্গ রজনীকান্ত নেশাগ্রস্ত অবস্থায় থিয়েটার শেষে ফাঁকা মঞ্চের উপর দাঁড়িয়ে নিজের মুখোমুখি হন। জীবনের ৬৮ টা বছর পার করে যৌবনের অভিনয়ের সোনালী দিনগুলির কথাই মনে করে হতাশাবোধ, একাকীত্ব, থেকেই এই কথা গুলো বলেছিলেন। থিয়েটারকে ভালোবেসে প্রেমে প্রত্যাখ্যাত হয়ে আজ নিঃসঙ্গ, একা **(3)**। | **5**<br>**(2+3)** |
| | অথবা<br>"শরীরে যদি রক্ত -------- মিশে আছে প্রতিভা।"<br>**a)** রজনীকান্ত চট্টোপাধ্যায় প্রম্পটার কালীনাথ সেনকে বলেছেন। **(1+1)**<br>**b)** অভিনয় জীবনের শেষ পর্যায়ে এসে রজনীকান্ত যখন একাকীত্বের যন্ত্রণায় কাতর হয়ে পড়েছিলেন, তখন কালীনাথ তাঁকে পুরনো নাটকের সংলাপগুলি বলতে উৎসাহিত করে প্রশংসা করে। তখনই রজনীকান্ত উপলব্ধি করেন যে তাঁর প্রতিভা এখনও মরে নি, প্রতিভা তাঁর রক্তের মধ্যে মিশে আছে। সেই প্রসংগেই রজনীকান্ত এই উক্তিটি করেছেন। **(3)** | **5**<br>**(2+3)** |
| 13. | পাঠ্য নাটক 'নানা রঙের দিন' থেকে নির্বাচনমূলক প্রশ্ন **(MCQ)**<br>**a)** থেকে **(h)** -এর মধ্যে যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর বেছে লিখতে হবে। প্রতিটি **1** নম্বর।<br>**a) ii)** কালীনাথ সেন<br>**b) iii)** সোয়ান সং<br>**c) iii)** অডিটোরিয়াম<br>**d) iii)** ঔরঙ্গজেব<br>**e) ii)** বার্ধক্য<br>**f) i)** পুলিশের চাকরি<br>**g) i)** থিয়েটারের টিকিট কেনা খদ্দেরদের<br>**h) i)** কালীনাথের, গ্রিনরুমে | **5**<br>**(1+1+1+1+1)** |



Contd.

| Q. No. | Expected Answers / Value Points | Distribution of Marks |
|---|---|---|
| **14.** | পাঠ্য আন্তর্জাতিক কবিতা থেকে পংক্তি তুলে প্রশ্ন ঃ<br>"জয়োৎসবের ভোজ বানাত কারা ?"<br>**a)** বের্টোল্ট ব্রেখ্‌ট **(1)**<br>'পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন **(1)**।<br>**b)** যুগে যুগে রাজার আবির্ভাব হয় । মজুরদের পরিশ্রমেই তারা কীর্তিমান হয়। এই সাধারণ শ্রমজীবী মানুষেরা কোন মূল্য / স্বীকৃতি পায় না। এই বিষয়টি বোঝাতে পারলেই **2** থেকে **3** নম্বর দেওয়া যাবে ।<br>অথবা<br>"নিদেন একটা রাঁধুনি তো ছিল ?"<br>**a)** বের্টোল্ট ব্রেখ্‌ট **(1)** পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন **(1)**<br>**b)** দেশ কাল ভেদে রাজারা এমন কি সিজারও যুদ্ধ জয় করেছিলেন কীর্তিমান হয়েছিলেন। এ তার একার কৃতিত্ব নয়। তার সঙ্গে ছিল বহু দরিদ্র মজুর সৈন্য। কিন্তু সেই সব মানুষের কোন উল্লেখ নেই ইতিহাসে। তারা চির অন্ধকারেই রয়ে গেছে । তাই পড়তে জানে এমন এক সচেতন মজুরের প্রশ্ন পরিকল্পিত বঞ্চনার বিরুদ্ধে **(3)**। | **5**<br>**(2+3)** |
| **15.** | "আমার বাংলা" থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন।<br>"এরা ছাড়াও জেল খানায় অভিজাত - কয়েদি আছে।"<br>**a)** বক্সা জেলের কথা বলা হয়েছে। **1**<br>**b)** অভিজাত শ্রেণীর কয়েদীরা বড়ো ঘর, বনেদি বংশ। ব্যাঙ্ক ডাকাতি, ভেজাল খাবার বিক্রি করা এদের পেশা । ছিনতাই করা এদের নীতি বিরুদ্ধ কাজ। এরা ইস্কুল কলেজেপড়া শিক্ষিত ছেলে। এই বিষয়টিকে গুছিয়ে শিখলে **3** থেকে **4** নম্বর দেওয়া যাবে।<br>অথবা<br>"সামনা-সামনি আসতেই স্তম্ভিত হয়ে গেলাম"<br>**a)** বারো - তেরো বছরের একটা উলঙ্গ ছেলেকে দেখে **1** নম্বর<br>**b)** বেঁচে থাকার জন্য প্রয়োজনীয় খাবার, অন্যান্য উপকরণ প্রয়োজন । হিংসা হানাহানি, যুদ্ধ, স্বার্থপরতার কারণে শিশুরা প্রাপ্য অধিকার থেকে বঞ্চিত। যুদ্ধ নয় শান্তির বার্তা দিয়েছেন কবি। বিষয়টি গুছিয়ে শিখলে **3 - 4** নম্বর দেওয়া যাবে। | **5**<br>**(1+4)** |



**Contd.**

| Q. No. | Expected Answers / Value Points | Distribution of Marks |
|---|---|---|
| 16. | ‘আমার বাংলা’ থেকে নির্বাচন মূলক প্রশ্ন (a) থেকে (h) এর মধ্যে যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর লিখতে হবে। প্রতিটি সঠিক উত্তর 1 নম্বর।<br>উত্তর ঃ<br>a) i) হাজং<br>b) i) গোরাচাঁদ মাস্টার<br>c) i) ফুলের মালা গলায় দিয়ে দাঁড়িয়ে ছিলেন ।<br>d) ii) খাতা<br>e) ii) বছর দশেক<br>f) iii) রংতু বা সিধা<br>g) i) লাল আলখাল্লা<br>h) ii) সোমেশ্বরী | 5<br>(1+1+1+1+1) |